# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 14 April, 2025

বলিউড সুপার স্টার সালমান খানকে এবার সপরিবারে হত্যার হুমকি দেওয়া হয়েছে।শুধু তাই নয় তার বাড়ি-গাড়িও উড়িয়ে দেওয়ার হুমকি এসেছে।মুম্বাইয়ের ওরলি পরিবহন বিভাগের হোয়াটসঅ্যাপ নম্বরে এমন হুমকির মেসেজটি পাঠানো হয়েছে।এ ঘটনায় ওরলি থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।কে এই মেসেজটি পাঠিয়েছে, তা তদন্তকারীরা খতিয়ে দেখছেন।

১৯৯৮ সালের অক্টোবরে রাজস্থানে একটি সিনেমার শুটিং করতে গিয়েছিলেন সালমান খান।তার সঙ্গে ছিলেন সোনালি বেন্দ্রে, সাইফ আলি খান ও টাব্বু।সেই সময় বলিউডের ভাইজানের বিরুদ্ধে কৃষ্ণসার হরিণ শিকারের অভিযোগ ওঠে।এরপর থেকে বিষ্ণোই গ্যাংয়ের নিশানায় রয়েছেন সালমান খান।কয়েক বছর ধরে একাধিকবার প্রাণনাশের হুমকি পেয়েছেন বলিউডের তারকা।

গত বছর ১৪ এপ্রিল দুই অজ্ঞাতপরিচয় যুবক বাইকে চড়ে এসে বান্দ্রার ফ্ল্যাটের সামনে চার রাউন্ড গুলি চালিয়ে পালিয়ে যায়।যদিও পরে সোশ্যাল মিডিয়ায় বিষ্ণোই গ্যাংয়ের পক্ষে এই ঘটনার দায় স্বীকার করে নেওয়া হয়।এরপর গত বছরের নভেম্বরে মুম্বাই ট্রাফিক কন্ট্রোল রুমের মাধ্যমে প্রাণনাশের হুমকি পান অভিনেতা।লরেন্স বিষ্ণোই গ্যাংয়ের ১৮ সদস্যের বিরুদ্ধে মামলা রুজু হয়।সালমানের নিরাপত্তা বাড়িয়ে ওয়াই প্লাস ক্যাটেগরির করে দেওয়া হয়েছে।

এদিকে লাগাতার প্রাণনাশের হুমকির মাঝে সালমান খানের বান্দ্রার বাড়ির সংস্কার করা হয়েছে।জানা গেছে, বর্তমানে উচ্চ প্রযুক্তির মাধ্যমে নিরাপত্তা নিয়ন্ত্রণ করা হয়।তার ঘরের প্রতিটি জানলা বুলেটপ্রুফ করা হয়েছে।ঘরের বিভিন্ন জায়গায় সিসি ক্যামেরা লাগানো হয়েছে।সেখানে ২৪ ঘণ্টা নজরদারি করা হচ্ছে।তা সত্ত্বেও একের পর এক হুমকি স্বাভাবিকভাবেই মুম্বই পুলিশের চিন্তা ফেলে দিয়েছে।

হত্যা সালমান-খান বলিউড সিনেমা চলচ্চিত্র বিনোদন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:23

URL: https://www.timestodaybd.com/entertainment/764225855